

বেরোবিতে র্যাগিংয়ের অভিযোগে ৩ শিক্ষার্থীকে বহিষ্কার

রংপুর প্রতিনিধি

২৬ নভেম্বর ২০২৫, ০৯:৩৯ পিএম



রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয়ে (বেরোবি) র্যাগিংয়ের ঘটনায় ৩ শিক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। বুধবার (২৬ নভেম্বর) সন্ধ্যা ৭টায় বিশ্ববিদ্যালয়ের সিন্ডিকেট সভায় আয়োজিত সংবাদ সম্মেলনে শৃঙ্খলা কমিটির এই সিদ্ধান্ত জানান বেরোবি উপাচার্য অধ্যাপক ড. মো. শওকাত আলী।

উপাচার্য জানান, র্যাগিং এবং যৌন নিপীড়নের ব্যাপারে বিশ্ববিদ্যালয় প্রশাসন জিরো টলারেন্স। আমরা ২৪ ঘণ্টার নোটিশে একটি তদন্ত কমিটি গঠন করি এবং তদন্ত কমিটির রিপোর্ট অনুযায়ী শৃঙ্খলা কমিটির মিটিংয়ে সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত অনুযায়ী, বাংলা বিভাগের ১৬ তম ব্যাচের ১২ জন শিক্ষার্থী যারা প্রত্যক্ষ ও পরোক্ষভাবে র্যাগিংয়ের সঙ্গে জড়িত আব্দুল্লাহ আল মামুন ও রাফি আহমেদকে দুই শিক্ষাবর্ষ ও আজিজুল হাকিমকে এক শিক্ষাবর্ষ থেকে বহিষ্কার করা হয়েছে।

বাকি ৯ শিক্ষার্থী মনিরুজ্জামান, গোলাম মোর্শেদ তামি, মেঘনাথ রায়, মাসুদ রানা, সাইদুর রহমান শাকিল, সুজন মিয়া, আকরাম আলি, ফাহিম ইসলাম ও ফরাদ হোসেনকে সতর্কীকরণ নোটিশ দেওয়া হয়েছে এবং অভিভাবকদের অবহিতকরণ করার সিদ্ধান্ত হয়েছে।

এর আগে গত রবিবার (২৩ নভেম্বর) রাতে বিজয় ২৪ ছাত্র হলের ছাদে বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের ২৩-২৪ সেশনের (১৬ ব্যাচ) শিক্ষার্থীরা একই বিভাগের ২৪-২৫ সেশনের (১৭ ব্যাচ) শিক্ষার্থীদের ডাকে এবং এক পর্যায়ে ১৬ তম ব্যাচের শিক্ষার্থী মামুন ১৭ তম ব্যাচের শিক্ষার্থী দীন ইসলামকে মারধর করে। এতে ঘটনাস্থলেই অসুস্থ হয়ে পড়েন ওই শিক্ষার্থী। পরে জানতে পেরে হলের শিক্ষার্থীরা আহত শিক্ষার্থীকে উদ্ধার করে চিকিৎসার জন্য বিশ্ববিদ্যালয়ের অ্যাম্বুলেন্সযোগে রংপুর মেডিকেল কলেজ হাসপাতালে ভর্তি করান।

আমাদের সময়/আরডি